# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** | বিষয় কোড : ১ ৫ ২

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** পারিবারিক অসচ্ছলতার কারণে শাহিন বেশি লেখাপড়া করতে পারেনি। পরবর্তী সময়ে সে চাকুরির চেষ্টা না করে সে বিভিন্ন প্রশিক্ষণ নিয়ে ব্যবসায় করতে উৎসাহিত হয়। বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান তাকে আর্থিক সাহায্য করে থাকে।

ক. ব্যয় সিদ্ধান্তের অপর নাম কী? ১

খ. অর্থায়ন বলতে কি বুঝায়? ২

গ. শাহিনকে সাহায্যকারী সরকারি আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান? বর্ণনা কর। ৩

ঘ. আমাদের দেশের যুব সমাজকে স্বনির্ভর করার ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানগুলো কী ভূমিকা পালন করতে পারে? আলোচনা কর। ৪

**২.▶** আলম সাহেব একটি ব্যবসায় প্রতিষ্ঠান খুলছেন। প্রতিষ্ঠানটি খোলার পূর্বে তিনি বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহ করছেন। ব্যবসা চালু করার পর বছর শেষে দেখা গেল তিনি তার ব্যবসায় থেকে মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছেন।

ক. অভ্যন্তরীণ তহবিল কী? ১

খ. অবণ্টিত মুনাফা ও সঞ্চিতি তহবিল বলতে কী বোঝায়? ২

গ. আলম সাহেবের ব্যবসায়ের তহবিল সংগ্রহের পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন— কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**৩.▶** জনাব আদিব ৩ মাস অন্তর ১২% হারে চক্রবৃদ্ধিতে ৬ বছরের পলিসিতে ৪,০০,০০০/- টাকা জমা রাখতে গিয়েও তার বন্ধুর পরামর্শে অবশেষে ১৩% সরল সুদে ৬ বছরের জন্য সঞ্চয়পত্রে অর্থ বিনিয়োগ করেন।

ক. m দ্বারা কী বোঝায়? ১

খ. ব্যবসায় অর্থায়নে সময় মূল্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. জনাব আদিব ৬ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব আদিবের জন্য কোন পলিসিটি লাভজনক হবে বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

৪.▶ মি. ইমরান শেয়ার বাজারের একজন বিনিয়োগকারী। তার শেয়ার বিনিয়োগ থেকে গত ৫ বছরে প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ২০%, ৫%, – ৫%, ১৫%, ৩০%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. কখন তারল্য ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. ইমরানের শেয়ার বিনিয়োগের আয়ের গড় থেকে গড় ব্যবধানের বর্গের যোগফল নির্ণয় কর। ৩

ঘ. মি. ইমরানের বিনিয়োগের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

৫.▶ একটি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। প্রকল্পটির আনুমানিক আয়ুস্কাল ৫ বছর। প্রকল্পাটির কর এবং অবচয় পরবর্তী নগদে প্রবাহ যথাক্রমে ২০,০০০/-, ২৪,০০০/-, ২৮,০০০/- ৩২,০০০/- ৪০,০০০/-।

ক. গড় মুনাফার হার বের করার সূত্রটি কী? ১

খ. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি ও কী কী? ২

গ. গড় মুনাফার হার পদ্ধতির সিদ্ধান্ত নীতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক থেকে গড় মুনাফার হার নির্ণয় কর। ৪

৬.▶ ভাই ভাই কোম্পানি বর্তমান বছরের শেষে ১২ টাকা হারে লভ্যাংশ দেবে বলে সিদ্ধান্ত নেয় এবং আগামী বছরগুলোতে এই লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে বলে কোম্পানীটি প্রত্যাশা করে। এখানে উল্লেখ্য যে, কোম্পানির শেয়ারের বর্তমান বাজারমূল্য ১২৫ টাকা।

ক. মূলধন খরচ কী? ১

খ. সংরক্ষিত আয় কী? ব্যাখ্যা কর। ২

গ. অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয়ের সূত্রটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ সাকিব হোসেন তার আয়ের সঞ্চিত অর্থ ব্যাংকে রাখেন। তিনি নিশ্চিত যেকোনো সময় চাহিবামাত্র এই অর্থকে যে কোন প্রয়োজনে কাজে লাগাতে পারবেন। তাছাড়া অর্থের বিপরীতে ব্যাংক থেকে তিনি ঋণ নিতে পারবেন।

ক. LC কী? ১

খ. ব্যাংকের গোপনীয়তা নীতি বলতে কী বোঝায়? ২

গ. মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক সঞ্চয় প্রবণতা সৃষ্টি করে— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৮.▶ বাংলাদেশ কৃষি প্রধান দেশ। দেশের প্রায় ৮৫ ভাগ লোক প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে কৃষির সাথে জড়িত। কৃষি উন্নয়নের লক্ষ্যে সরকার একটি ব্যাংক গঠন করলো। কৃষকেরা উক্ত ব্যাংক থেকে ঋণ নিয়ে উপকৃত হচ্ছে।

ক. ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. মুদ্রা মূল্যের পরিমাপক হিসেবে কাজ করে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ব্যাংকটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষি উন্নয়নে উক্ত ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৯.▶ মি. হাসান একজন ব্যবসায়। তিনি সিদ্ধান্ত নিলেন যে ব্যাংকে একটি হিসাব খুলবেন। তিনি বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নেন এবং পছন্দমত একটি ব্যাংক হিসাব খোলেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. ব্যাংক হিসাব প্রধানত কত প্রকার ও কী কী? ২

গ. মি. হাসানের জন্য কোন ধরনের হিসাব খোলা সুবিধাজনক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় কী কী? ব্যাখ্যা কর। ৪

১০.▶ আমাদের দেশের কেন্দ্রীয় ব্যাংক সকল ব্যাংকের নিয়ন্ত্রক হিসাবে সরকার, জনগণ ও দেশের উন্নয়নে কাজ করে। কেন্দ্রীয় ব্যাংক অন্য ব্যাংকগুলোকে সঠিকভাবে নিয়ন্ত্রণ ও মুদ্রাবাজারের অভিভাবকের দায়িত্ব সঠিকভাবে পালন করে।

ক. নিকাশঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংক পরস্পরের সহযোগী— ব্যাখ্যা কর। ২

গ. দেশের উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংক কী কী কাজ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংকার এবং মুদ্রা বাজারের অভিভাবক— উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১.▶ জনাব মোর্শেদ একজন ব্যাংকার। তিনি তার ব্যাংক থেকে বেশি পরিমানে ঋণ দিতে চান। বেশি পরিমাণে ঋণ দিতে পারলে তার ব্যাংক মুনাফা বেশি হতো। কিন্তু ইচ্ছা করলেই অনুমতি ব্যতীত বেশি ঋণ দিতে পারেন না। অবশ্য এতে সরকারের গুরুত্বপূর্ণ কাজে সহায়তা হয়।

ক. ব্যাংক ঋণ কী? ১

খ. ব্যাংককে গ্রাহকের অছি বলা হয় কেন? ২

গ. জনাব মোর্শেদ কেন অধিক ঋণ দিতে চান? অধিক ঋণ প্রদানে কার অনুমতি নিতে হবে? ৩

ঘ. ব্যাংক কম ঋণদানের মাধ্যমে সরকারকে কীভাবে সহায়তা করতে পারে? — বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বিনিয়োগকারীদের জন্য ঝুঁকিপূর্ণ বিনিয়োগ কোনটি?**
ক) বন্ড ক্রয়
খ) ঋণপত্র ক্রয়
গ) অগ্রাধিকার শেয়ার ক্রয়
ঘ) সাধারণ শেয়ার ক্রয়

**২. কোনটিকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয়?**
ক) বিনিময় বিলকে খ) চেককে
গ) মুদ্রাকে ঘ) ব্যাংক ড্রাফটকে

**৩. অর্থায়ন ব্যবস্থার নীতিমালা—**
i. তারল্য বনাম মুনাফা নীতি
ii. উপযুক্ততার নীতি
iii. কারবারে বৈচিত্র্যায়ন ও ঝুঁকি বণ্টন

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
অরিন নিজস্ব অর্থায়নে আরোগ্য নিকেতন নামে একটি নার্সিং হোম প্রতিষ্ঠা করেন।

**৪. অরিন বাজেটিং এর কোন সিদ্ধান্ত নেবেন?**
ক) ঔষধ ক্রয় খ) প্যাড তৈরি
গ) মূল্য নির্ধারণ ঘ) এক্সরে মেশিন ক্রয়

**৫. কোন ব্যাংক হিসাব থেকে সবচেয়ে বেশি হারে সুদ পাওয়া যায়?**
ক) চলতি হিসাব খ) সঞ্চয়ী হিসাব
গ) বিমা সঞ্চয়ী হিসাব ঘ) স্থায়ী হিসাব

**৬. মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন করতে হয়—**
i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর
ii. বাট্টা হার নির্ধারণের পর
iii. বহিঃপ্রবাহ নির্ধারণের পর

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
আবদুল্লাহ একজন বস্ত্র ব্যবসায়ী। তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে দেনা-পাওনা নিষ্পত্তি করেন। কিন্তু পাওনাদারের চাহিদা মাফিক টাকা তুলতে না পারায় মুন্নার পরামর্শে অন্য একটি হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

**৭. আবদুল্লার বর্তমান ব্যাংক হিসাবটি কোন ধরনের?**
ক) সঞ্চয় হিসাব
খ) চলতি হিসাব
গ) মেয়াদি হিসাব
ঘ) ডিপোজিট পেনশন স্কিম

**৮. আবদুল্লার জন্য উপযোগী ব্যাংক হিসাব কোনটি?**
ক) চলতি হিসাব খ) সঞ্চয়ী হিসাব
গ) স্থায়ী হিসাব ঘ) ঋণ আমানত হিসাব

**৯. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো—**
ক) সততার পরিচয় খ) নির্দেশ প্রদান
গ) ঋণ পরিশোধ ঘ) হিসাবের গোপনীয়তা

**১০. ব্যাংক কোন জাতীয় ব্যাংকিং পণ্যের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করে?**
ক) জমা রসিদ খ) পোস্টাল অর্ডার
গ) ব্যাংক ড্রাফট ঘ) পাস বই

**১১. দীর্ঘমেয়াদি অর্থায়নের অভিনব পদ্ধতি কী?**
ক) ঋণ খ) লিজিং
গ) ঋণপত্র ঘ) বন্ড

**১২. কোন ব্যাংক LC প্রদান করে?**
ক) বাণিজ্যিক ব্যাংক খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) শিল্প ব্যাংক ঘ) কৃষি ব্যাংক

**১৩. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি?**
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব হাসান ও তার তিন বন্ধু ব্যবসায়ীদের চাহিদা ও সুবিধার কথা বিবেচনা করে নতুন একটি ব্যাংক প্রতিষ্ঠা করতে চান। এ ব্যাপারে তারা প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে 'প্রজন্ম' ব্যাংক নামে একটি আর্থিক প্রতিষ্ঠান গড়ে তুললেন। উদ্যোক্তারা এখন মূলধন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন।

**১৪. প্রজন্ম ব্যাংক প্রতিষ্ঠার জন্য কার অনুমতি নিয়েছে?**
ক) সরকারের খ) সোনালী ব্যাংকের
গ) শিল্প ব্যাংকের ঘ) বাংলাদেশ ব্যাংকের

**১৫. প্রজন্ম ব্যাংক সিদ্ধান্তটি বাস্তবায়ন করতে পারে—**
i. আমানত সৃষ্টির মাধ্যমে
ii. কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে
iii. ব্যবসায়ীদের ঋণ প্রদান করে

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. বাণিজ্যিকপত্র অর্থায়নের কোন জাতীয় উৎস—**
ক) স্বল্পমেয়াদি খ) মধ্যমেয়াদি
গ) দীর্ঘমেয়াদি ঘ) অভ্যন্তরীণ

Teachingbd.com

১৭. বিশ্বব্যাংক কোন জাতীয় অর্থায়নের সাথে জড়িত?
(ক) অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন
(খ) পারিবারিক অর্থায়ন
(গ) সরকারি অর্থায়ন
(ঘ) আন্তর্জাতিক অর্থায়ন

১৮. বছরের চক্রবৃদ্ধির সংখ্যাকে কোন প্রতীক দ্বারা প্রকাশ করা হয়?
(ক) i (খ) n
(গ) m (ঘ) r

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
পান্না বেকারির মালিক ক্রেতাদের নিকট থেকে বেশ কিছু বিল পান। টাকার প্রয়োজনে তিনি বিলগুলো বাট্টাকরণ করেন।

১৯. পান্না বেকারির নিকট বিলগুলো—
(ক) প্রদত্ত বিল (খ) প্রাপ্য বিল
(গ) প্রদেয় বিল (ঘ) প্রাপ্ত বিল

২০. প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন সিদ্ধান্তে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?
(ক) অবচয় (খ) মূলধন
(গ) মুনাফা খরচ (ঘ) মূলধন খরচ

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
সিলভা লিমিটেড ১০ কোটি টাকার শেয়ার বিক্রি করে। প্রতি শেয়ারের মূল্য ২০০ টাকা হওয়ায় সব শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

২১. সিলভা লিমিটেড কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?
(ক) সমবায় সংগঠন
(খ) অংশীদারি সংগঠন
(গ) পাবলিক কোম্পানি
(ঘ) প্রাইভেট কোম্পানি

২২. সিলভা লিমিটেড কোম্পানির শেয়ারহোল্ডাররা পেতে পারে?
(ক) সুদ (খ) কমিশন
(গ) বোনাস (ঘ) লভ্যাংশ

২৩. বাণিজ্যিক ব্যাংকের মূলধনের একটি গুরুত্বপূর্ণ বাহ্যিক উৎস কোনটি?
(ক) আমানত (খ) পরিশোধিত মূলধন
(গ) সংরক্ষিত তহবিল (ঘ) লকার ভাড়া

২৪. ডিবেঞ্চার বিনিয়োগকারীরা কোন ঝুঁকি মোকাবেলা করে?
(ক) ব্যবসায়ী ঝুঁকি (খ) আর্থিক ঝুঁকি
(গ) সুদ হারের ঝুঁকি (ঘ) তারল্য ঝুঁকি

২৫. ব্যাংক ব্যবসায়ের অপরিহার্য নীতি কোনটি?
(ক) নিরাপত্তার নীতি (খ) মুনাফার নীতি
(গ) তারল্য নীতি (ঘ) দক্ষতার নীতি

২৬. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় জড়িত ধাপ—
(ক) বাট্টার হার নির্ধারণ
(খ) মুনাফার হার নির্ধারণ
(গ) ঝুঁকির হার নির্ধারণ
(ঘ) সুদের হার নির্ধারণ

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**
শাওন তার বৃত্তির প্রাপ্ত ১,০০০ টাকা ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে ব্যাংকে জমা রাখে। ২ বছর পর সে সুদ সহ জমাকৃত অর্থ তুলে নেয়।

২৭. শাওন কত টাকা পেল?
(ক) ১,১০০ টাকা (খ) ১,২০০ টাকা
(গ) ১,২১০ টাকা (ঘ) ১,২২০ টাকা

২৮. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?
(ক) $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় নিট মুনাফা}}$
(খ) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$
(গ) $\frac{\text{গড় বিনিয়োগ}}{\text{গড় মোট বিনিয়োগ}}$
(ঘ) $\frac{\text{গড় বিনিয়োগ}}{\text{গড় নিট মুনাফা}}$

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ২৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
বিহঙ্গ এন্টারপ্রাইজ একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। পে-ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়।

২৯. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?
(ক) ৩ বছর (খ) ৩ বছর ৬ মাস
(গ) ৪ বছর ৬ মাস (ঘ) ৫ বছর

৩০. প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো—
i. সবকটি বছরের নগদ প্রবাহ গণনা করা হয়নি
ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি
iii. লাভের কোনো নির্দিষ্ট হার নেই
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

Teachingbd.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |